ভিন্ন ধরনের বর্জ্য ফেলার জন্য বিভিন্ন ধরনের পলিথিন (লাল, নীল, সাদা) ব্যাগ ব্যবহার করা হয়। ৪৫ লিটার সাইজের এই পলথিনগুলো আপনার বাসার পাশের শপিং মলটিতেই ১০টার প্যাকেটে বিক্রি হয়, যার দাম পড়ে ১৮০ টাকা। এই ব্যাগের দাম পুরোটাই ট্যাক্স হিসেবে গণ্য হয় অর্থাৎ এর মূল্য ঐ শপিং মল বা এর প্রস্তুতকারক পাবে না, পুরোটাই পাবে মিউনিস্যাপিলিটি। তবে ময়লার ব্যাগ বলে বাকাঁ চোখে দেখলে ভুল করবেন। কারণ, গেট-আপ, সেট-আপে উনারা অত্যন্ত স্মার্ট, পরিচ্ছন্ন এবং লণ্ড্রীড।

রোজকার রান্নাঘরের দাহ্য আবর্জনা ফেলা হয় লাল লেখা সংবলিত ব্যাগে এবং সকল ধরনের পানীয় পেট বোতলের জন্যে আছে নীল/সাদা রঙের ব্যাগ। পেট বোতলগুলোকে চ্যাপ্টা করে, ট্যাপের পানিতে ধুয়েঁ ঢোকানো হয় যাতে

জায়গা কম লাগে। এভাবে ভিন্ন ভিন্ন ব্যাগে ঢোকানোর কারণ হলো; এসব আবর্জনা যখন রি-সাইক্লিং এর জন্য আলাদা করা হয়-সেসময় যেন এগুলোকে পৃথক করতে পুনরায় লোকবল না লাগে। পেট বোতল, ক্যান, কাগজ ফেলার জন্যে প্রতিষ্ঠানগুলোতেও সারিবদ্ধভাবে পরিষ্কার বক্স সাজানো থাকে। গায়ে লেখা লেভেল দেখা আবর্জনা ফেলতে হয়। সবাই এ নিয়ম মেনে চলতে বাধ্য অথবা জন্ম থেকেই এ নিয়ম দেখতে দেখতে অভ্যস্ত হয়ে গেছে।

ময়লা ফেলার নির্ধারিত সময় শেষ হলেই, নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে আবর্জনা নেবার জন্যে ঝকঝকে ট্রাক আসে এবং সেগুলো থেকে নেমে আসেন ইউনিফর্ম, গ্লাভস ও মাস্ক পরা কর্মীরা। তারা ব্যাগগুলো সংগ্রহ করে নিয়ে যান। বিদ্যুত গতিতে পরিচ্ছন্ন কর্মীরা একের পর এক এলাকা থেকে ময়লা গাড়িতে উঠাতে থাকেন। একই সাথে গাড়িতেই ময়লাগুলো প্রাথমিক পর্বের প্রসেসিং হতে থাকে স্বয়ংক্রীয়ভাবে। ময়লা-আবর্জনা ভরা গাড়িগুলো যখন রাস্তা দিয়ে যায়-তার গায়ের ঝকঝকে কাভার-ঢাকা অত্যাধুনিক চেহারা দেখলে এবং একেবারেই দুর্গন্ধমুক্ত থাকায় আপনার নাকে কাপড় চাপতে হবেনা এটা নিশ্চিত! অথবা আপনাকে কোন অস্বস্তিকর মানসিক অবস্থার মধ্য দিয়ে যেতে হবেনা।

রি-সাইক্লীং

রি-সাইক্লীং প্রক্রিয়ায় জাপানের আবিষ্কৃত 3R (reduce, reuse and recycling) বিশ্বজুড়ে সমাদৃত। তারা নির্মাণ করেছে সারা দেশজুড়ে শত শত রি-সাইক্লিং সেন্টার। এ সব সেন্টারে রয়েছে পুরোনো গাড়ি, কাগজ, প্লাষ্টিক, কাঁচসহ শত রকমের আর্বজনা রি-সাইকেল করার অত্যাধুনিক ব্যবস্থা। পুন: ব্যবস্থাপনার মাধ্যমে রান্নাঘরের বর্জ্য দিয়ে বিদ্যুৎ; পেট বোতল থেকে নতুন পেট বোতল বা পোশাক; প্লাস্টিক বর্জ্য দিয়ে প্লাষ্টিক বা বাহারী স্টেশনারি এবং কাঁচ থেকে তৈরী হচ্ছে বিভিন্ন রং বাহারী টাইলস।

আর পুরনো গাড়ি রি-সাইক্লিং এর সময় গাড়ির পার্টসগুলো ভাগে ভাগ করে রাখা হয়। গাড়ির মেশনারিজগুলোর একটা অংশ বিভিন্ন দেশে রপ্তানী হয়। বাকী বড় অংশ দিয়ে তৈরী হয় নতুন গাড়ি।

আর একটি তথ্য জেনে রাখা ভাল যে, নাগরিকদের গাড়ির মালিকানার দিক দিয়ে জাপান পৃথিবীর প্রথম ১০ টি দেশের মধ্যে একটি। ২০০৫ এ জাপানে গাড়ির সংখ্যা ছিল ৭.৫ কোটি যেখানে প্রতি ১.৭ জন প্রতি একটি গাড়ির মালিকানা ছিল।

ছবি: টিভি, ফ্রিজ, ওভেন, হিটিং মেশিন, ওয়াশিং মেশিন পড়ে আছে রাস্তার পাশে

জাপানে প্রতি বছর ৫০ লাখ পুরনো গাড়ি রি-সাইক্লিং করা হয়। যার মধ্যে ১০ লাখ গাড়ির বিভিন্ন পার্টস পৃথক করে বিভিন্ন দেশে রপ্তানি করা হয় এবং বাকী ৪০ লাখ দিয়ে আবার নতুন গাড়ি তৈরী করা হয়। জাপানের টয়োটা, নিশান, হোন্ডা, সুজুকী, ডাইহাটসু, মিটসুবিশি গাড়ির কোম্পানীর কথা আমরা বাংলাদেশীরা সবাই ই কমবেশী জানি।

যদি নিয়ম না মানি

আবার ময়লার খবরে ফেরা যাক। আপনি যদি ময়লা ফেলার নিয়ম না মানেন, পরিচ্ছন্ন বাহানী ঠিকই কোন পরিশ্রম ব্যয়ে বের করে ফেলতে পারেন যে, কোন ফ্ল্যাট থেকে এরকম নিয়ম ভাঙা হচ্ছে। তখন তাদের জরিমানা করা হয় অথবা ১৪ শিক গুণতে পাঠানো হয়। যদিও জাপানীজরা সম্ভবত এ দুনিয়ার সবচেয়ে নিয়ম-মানা প্রজাতি বলে আমার কাছে প্রতীয়মান।

জাপানে Public Cleansing Act 1954 বিশ্বে পরিবেশ পরিচ্ছন্ন রাখার প্রথম আইনি উদ্যোগ বলা যায়। অথচ এর মাত্র ০৯(নয়) বছর আগেই এরা আমেরিকার দ্বারা পৃথিবীর একমাত্র দেশ হিসেবে পারমানবকি বোমে নৃশংসভাবে বিধ্বস্ত হয়েছিল। কত দ্রুত ঘুরে দাড়ানো যায় শেখার জন্যে – তাদের চেয়ে আর ভাল শিক্ষক মনে হয় দুনিয়ায় দ্বিতীয়টি নাই। ২য় বিশ্বযুদ্ধের পরে যেহেতু এরা যুদ্ধ ব্যবসা বাদ দিয়ে অর্থ কামানোয় মনোনিবেশ করেছিলো। এদের অটো-মোবাইল (গাড়ি) এবং ইলকেট্রনিক্স খুব স্বল্প-সময়ে বিশ্বজোড়া খ্যাতি আদায়ে সক্ষম হয়েছিলো।

তাই ব্যবসার প্রসার হয়েছে বিশ্বব্যাপী। সমান তালে বেড়েছে আর্বজনার স্তুপ। এ নিত্যনতুন আবর্জনা রি-সাইক্লিং এর জন্যে জাপান এ পর্যন্ত ডজন খানেক আইন তৈরী করেছে। কোন কোন আইনে ০৩(তিন) কোটি ইয়েন অথবা ০৫(পাঁচ) বছরের জেল এর বিধান রয়েছে।

বাসার ময়লা ডিসপোসাল পদ্ধতি

দাহ্য/অদাহ্য/প্লাষ্টিক/কাচঁ যার যার বাসা থেকেই আলাদা করে ব্যাগে ঢুকিয়ে ক্যালেন্ডারের নির্দেশ মতো যথাসময়ে রেখে আসলেই আপনার দায়িত্ব শেষ হয়ে যাবেনা। আপনাকে কড়া পাহাড়া বসাতে হবে বাসা, গোসলরুম, বেসিন এবং কিচেন এর প্রত্যেক পানি যাওয়ার পথে। সেখানে আলাদা সুক্ষ নেট বসাতে হবে যাতে একটি চুলও ড্রেণে না যায়। কারণ যদি একবার ড্রেণ বন্ধ হয়, বারোটা আপনারই বাজবে। কারণ এখানে পানি বা বিদ্যুৎ বা যে কোন মিস্ত্রি বা বিশেষজ্ঞ পাওয়া একে তো খুবই দুরূহ বিষয়, অন্যদিকে অত্যন্ত ব্যয়বহুল। একবার আপনি এ ভুল করলে যে ছুটোছুটি আপনাকে করতে হবে বা যে টাকা আপনার ব্যয় হবে—আমি নিশ্চিত পুরো জীবনে আপনার বেসিনে আপনি চুল তো দূরের কথা খুশকী পড়লেও পরিষ্কার করে রাখবেন যাতে বেসিনের মুখ হয়ে ড্রেণে যাতে না পারে।

আর বড় বড় ইলেকট্রণিক্স যেমন টিভি, ফ্রিজ, ওভেন, হিটিং মেশিন, ওয়াশিং মেশিন এমনকি আপনার ব্যবহৃত গাড়িটিও আপনাকেই ডিসপোসাল করতে হবে। রি-ইউসড দ্রব্যাদি কেনা এবং বেচাঁর জগতে 2ND Street এর যথেষ্ট সুনাম আছে। আপনি যদি কোনো রি-ইউসাবল শপে আপনার দ্রব্যাদি নিয়ে কোনরকম দাম নিয়ে বেচেঁ আসতে পারেন, খুব ভাল। আপনি সেক্ষেত্রে সৌভাগ্যবান। আর যদি কোন

ছবি: ছুটির দিনে স্বেচ্ছাশ্রমে রাস্তা-ঘাট, খেলার মাঠ পরিষ্কার করছে শিশু থেকে বৃদ্ধ সবাই

এজেন্সি কে ডাকেন এগুলো ডিসপোসাল এর জন্যে আপনাকে ভাল একটা এ্যামাউন্ট গুণতে হবে নিশ্চিত। তাতে আপনার দ্রব্যাদি যতই নতুন থাকুক না কেন? এটা কোন বিবেচ্য বিষয় না। তারা এগুলো নিবে, সাথে আপনার একগাদা টাকাও নিবে। কী মজা, তাইনা? এই ব্যবসা করবেন কিনা, ভেবে দেখতে পারেন। পার্টনার হিসেবে আমি রেডি আছি। আওয়াজ দিয়েন যথাসময়ে।

শিথীলতা আছে কারো কারো জন্যে

তবে আমাদের বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্যে একটু সুবিধা আছে। ক্যাম্পাসের দূরে একটি স্থানে আপনি ব্যবহার করা বা নতুন ইলেকট্রনিক্স রেখে আসতে পারেন। সেখানে গেলে আপনি দেখবেন নামকরা যত ব্রাণ্ডের বাহারী ইলেকট্রনিক্স এর ছোট-খাট বাজার। সবগুলোই বিভিন্ন দেশে থেকে আসা ছাত্ররা ব্যবহার শেষে এখানে রেখে গিয়েছে। ছাত্র হিসেবে আপনি সেখান থেকে আনতে পারেন আপনার পছন্দের ব্রাণ্ডের টেলিভিশন, ফ্রিজ, ওয়াশিং মেশিন, ক্লিনিং মেশিন, রাইস কুকার, রুম হিটিং মেশিনসহ আরো কত কী ! সেখানে মাঝে মাঝে সন্ধ্যার পরে আমাদের এশিয়া থেকে আসা ছাত্র-ছাত্রীদের দেখা পেয়ে গেলে আপনি অবাক হবেন না কিন্তু। তবে আপনাকেই কষ্ট করে যেমন আনতে হবে দেশ ত্যাগের সময়ে আবার আপনাকেই তা রাখে আসতে হবে। কারণ এখানে ঘর ছাড়ার সময় ঠিকই যেভাবে পেয়েছেন, সেভাবেই পরিষ্কার ঘর আপনাকে ফেরৎ দিতে হবে।

আর ময়লা ফেলার এ জায়গা থেকে কিছুদিন পর পর ময়লাগুলো বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রি-সাইক্লিং সেন্টারগুলোতে সেন্টারগুলোতে পৌছেঁ দেয়।

যার কাজ তার করাতে লজ্জা কিসের

অফিস, আদালত, স্কুল, কলেজ--সর্বত্রই যার কাজ সে ই করবেন, এখানে এটাই নিয়ম-এটাই গর্বের। আমরা অনেকে বেশী ভক্তি দেখাতে গিয়ে মাঝে মাঝে বিশ্ববিদ্যালয়ের প্রফেসরের হাতে কাধেঁ একাধিক ঝোলানো ব্যাগ থেকে একটি ব্যাগ নেয়ার বহুরকম চেষ্টা করে শুধু ব্যর্থই হয়েছি। এ দেশে স্কুলের খুদে ছাত্ররাই (৪/৫ বছর বয়সী) স্কুল পরিষ্কার করে, ফুল গাছ লাগায়, সুইমিং পুলে নিয়মিত সাতাঁর কাটে, বাগান পরিষ্কার করে, রান্না শেখে, টয়লেট পরিষ্কার করে, টিচারের সাথে সুপারমার্কেটে গিয়ে মার্কেটিং শেখে। মূলত বিদ্যালয়গুলো এখানে এত আনন্দময় যে, সারাক্ষণই খেলাধুলা আর ছবি দেখিয়ে গল্প বলা চলতে থাকে। এরই মাঝে ব্যবহারিক শিক্ষা পেয়ে থাকে শিশুরা। যার ফলে ছোটবেলা থেকেই যেন ছোটবেলা থেকেই তাদের ঐ ধারণা মনে গেথেঁ যায় যে আমি যেখানে থাকি, যেখানে কাজ করি, সেটা পরিষ্কার করার দায়িত্ব শুধুই আমার, আর কারও না। অফিস-আদালতে ক্লিনিং সহায়ক থাকলেও, তারা শুধু কমন স্পেস যেমন সিড়িঁ, কমন বাথরুম ইত্যাদি পরিষ্কার করবে। অর্থাৎ শুধু কমনস্পেস পরিষ্কার করবে পরিচ্ছন্ন কর্মীরা। রুম যদি কখনো নোংরা মনে হয়, তবে অফিসারদের যে কেউ রুমে রাখা ভ্যাকিউম ক্লিনার দিয়ে তা পরিষ্কার করে রাখে। যার ফলে তাদের স্কুল, কলেজ, অফিস-আদালত-- এমনকি রাস্তাঘাট, পার্ক, পাবলিক প্লেস -- কোথাও এক টুকরো কাগজ বা ময়লা দেখা যায়না। আর এ কারণেই দেশটা হয়েছে পটে আঁকা ছবির মতো।

সফলতার রহস্য কী

আমার সুপারভাইজার প্রফেসরকে জিজ্ঞেস করেছিলাম – তোমাদের দেশ কেন এত পরিচ্ছন্ন? আর ব্যতিক্রমটা কোথায়? উনি জবাব দিয়েছিলেন – আমরা রাস্তায় সরাসরি ময়লা ফেলার কোন ব্যবস্থা রাখিনি। যার ফলে প্রত্যেকে তার বাসা থেকেই ময়লা টা আলাদা করে নিয়ে প্যাকেটে করে নিয়ে আসছে। ফলশ্রুতিতে প্রথমত বাড়িঘর যেমন থাকছে ঝকঝকে তেমনি রাস্তাঘাটও থাকছে পরিচ্ছন্ন। আর ড্রেণের পানি থাকছে স্বচ্ছ, দুর্গন্ধহীন। পরিচ্ছনের কাজটাও শুধু মেয়রের না হয়ে, হয়ে যাচ্ছে প্রত্যেকের।

দল বেধেঁ কমিউনিটি পরিষ্কার

মাঝে মাঝে পাবলিক হলিডে তে দেখবেন - ডাক্তার, ইঞ্জিনিয়ার, আমলা, প্রফেসর, এমপি, মন্ত্রী, বাচ্চাসহ বাবা-মা সবাই কাস্তে, ব্যাগ, কোদাল সহ রাস্তা, ড্রেন পরিষ্কার করছে। আপনাকে বুঝে নিতে হবে যে, এটি এদের কমিউনিটি ক্লিনিং ডে।

ফলাফল

শিল্প-কারখানা, প্রতিষ্ঠান, ঘরবাড়ি সবাই এখানে ময়লা ব্যবস্থাপনার কঠোর আইন মেনে চলার ফলে এ দেশের বাতাস, শহরের মধ্যে দিয়ে বয়ে চলা নদ-নদী, ছোট ছোট জলাশয়, গাছপালা, রাস্তা-ঘাট সবকছিুই যেন ছবির মতো সুন্দর, পরিষ্কার এবং ঝকঝকে।

শহরের মধ্যের ড্রেণ, নদী বা যে জলাশয়ই আপনার চোখে পড়ুক না কেন--- একটু তাকালেই দেখবেন চকচকে স্বচ্ছ পানিতে বড় বড় রুই কাতলা সহ বাহারী রং এর অন্যান্য মাছ, কচ্ছপ নিশ্চিন্তে সাঁতরে বেড়াচ্ছে। দেখবেন পারিজাত পাখি (দেশী হাঁস বললেও ভুল হবেনা) জলাশয়ের পাশের পাকাঁ রাস্তাটিতে উঠে হাটাঁহাটিঁ করছে। ওদের মনে এতটুকু ভয় নেই যে, কেউ তাদের ধরতে পারে বা উনুনে চড়াতে পারে।

[লেখক ২০১৮ -২০২০ সেশনে ইয়ামাগুচি বিশ্ববিদ্যালয়, ইয়ামাগুচি, জাপানে অর্থণীতিতে (জে ডি এস স্কলারশিপে) মাস্টার্স সম্পন্ন করেছেন।]

প্রশিক্ষণের বাইরে একটি জীবন

আবদুল কাদের



প্রথম দিন: আজকের সকালটা অন্যরকম

আজকের সকালটা ছিল একেবারেই অন্যরকম।

হিমেল বাসা থেকে বেরিয়ে ধীর পায়ে হাঁটতে হাঁটতে ভাবছিল—

"এই বয়সে আবার ট্রেনিং! যেন নতুন করে ছাত্রজীবনে ফিরে যাচ্ছি।"

RPATC-তে বাস দাঁড়িয়ে ছিল নতুন গন্তব্যে নিয়ে যাওয়ার জন্য।

বাসে উঠে অনিকের পাশে বসে জানালার বাইরে তাকাল হিমেল। বাতাসে গাছের পাতা দুলছে, মাটিতে রোদ নেচে উঠছে— হঠাৎই চোখের সামনে ভেসে উঠল নিতার মুখ।

শেষ রাতে নিতা বলেছিল, "তুমি শুধু দায়িত্ব শেখো না, মানুষ হবার কৌশলও শেখো।"

সাভারের আকাশে সূর্য উঠেছিল একটু আগেই— যেন BPATC-র প্রশিক্ষণার্থীদের উষ্ণ অভ্যর্থনা জানাতে।

প্রশিক্ষণ কেন্দ্রে পৌঁছেই হিমেল অনুভব করল— প্রকৃতি যেন তাকে আলতো করে স্বাগত জানাচ্ছে।

বাতাস, রোদ আর সবুজের ফিসফিসানি যেন বলছে, "তোমার প্রতিটি পদক্ষেপ এখন দেশের গল্পের অংশ।"

মডিউল ১: Public Service and Operational Issues — সেবার মানে কী

প্রথম মডিউলে বক্তা বললেন, "Public service মানে শুধু অফিসের কাজ নয়; এটা এক ধরনের জীবনযাপন।"

হিমেল মৃদু হাসল। মনে পড়ল নিতাকে— যে প্রতিদিন দুই সন্তান আলিয়া আর রাফিদকে স্কুলে পাঠায়, সংসার সামলায়, আবার হাসতেও জানে।

সন্ধ্যায় ফোনে হিমেল বলল, "আজ শিখেছি— সেবা মানে ধৈর্য।"

ওপাশ থেকে নিতা হাসল, "তাহলে আমি তো তোমার মেন্টর হওয়া উচিত।"

ওদের হাসির আড়ালে লুকিয়ে ছিল এক নিঃশব্দ বন্ধন— যা সরকারি দায়িত্বের গণ্ডি ছাড়িয়ে ভালোবাসার এক গভীর পাঠ।

মডিউল ২: Policy and Planning — পরিকল্পনার হৃদয়

গ্রুপ ওয়ার্কে হিমেল পেল নেতৃত্বের দায়িত্ব।

এক তরুণ কর্মকর্তা বলল, "স্যার, পরিকল্পনা কাগজে সহজ, কিন্তু মাঠে জটিল।"

হিমেল হেসে বলল, "যেখানে মানুষ আছে, সেখানেই জটিলতা— আর সেই জটিলতাই উন্নয়নের সৌন্দর্য।"

রাতে নিতাকে বলল, "আজ শিখলাম, পরিকল্পনা মানে শুধু চার্ট নয়, মানুষকে বোঝা।"

নিতা মৃদু স্বরে বলল, "তুমি যেমন আলিয়া-রাফিদের জন্য সময় বের করো, সেটাও তো এক পরিকল্পনা।"

হিমেল বুঝল— দেশের পরিকল্পনার শুরু হয় ঘরের ভেতর থেকেই।

মডিউল ৩: Economic Management — সংখ্যার ভেতর ভালোবাসা

ক্লাসে সবাই ব্যস্ত সংখ্যার খাতায়, কিন্তু হিমেলের মনে চলছে অন্য হিসাব—

আলিয়া আর রাফিদের জন্মদিন ঘনিয়ে এসেছে, অথচ এবার হয়তো যেতে পারবে না।

চা-ব্রেকে এক সহকর্মী মজা করে বলল, "স্যার, দেশের বাজেটে যেমন ঘাটতি, সংসারেও তাই না?"

হিমেল হেসে ফেলল। ভাবল— সংসারের অর্থনীতি অনেক সময় রাষ্ট্রবিজ্ঞানের থেকেও কঠিন।

রাতে ভিডিও কলে আলিয়া বলল, "বাবা, মা বলেছে তুমি দেশের জন্য পড়তে গেছো।"

গলা কেঁপে উঠল হিমেলের— "হ্যাঁ বাবা, দেশের জন্য... আর তোমাদের জন্যও।"

সেদিন রাতে BPATC-র লেকের ধারে দাঁড়িয়ে সে দেখল— জলের ওপর চাঁদের আলো ঝিলমিল করছে,

যেন দূর থেকেও পরিবারের মায়া তার হৃদয়ে আলো ছড়াচ্ছে।

মডিউল ৪: E-Governance — সংযোগের নতুন মানে

বক্তা বললেন, "প্রযুক্তি মানুষকে প্রতিস্থাপন করবে না; বরং আরও কাছে আনবে।"

তালি পড়ল ক্লাসে।

কিন্তু হিমেলের মনে প্রশ্ন জাগল— "যদি প্রযুক্তি এত কাছে আনে, তবে আমি এখনো কেন স্ত্রীর মুখ ছুঁতে পারি না?"

রাতে ভিডিও কলের ঝাপসা স্ক্রিনে নিতার হাসি ছিল স্পষ্ট।

সে বলল, "তুমি যতই ডিজিটাল হও, আমার ভালোবাসা এখনো অ্যানালগ।"

ওরা দুজনেই হেসে উঠল।

হিমেল ভাবল— সংযোগ মানে শুধু ইন্টারনেট নয়, সংযোগ মানে হৃদয়ের সেতু।

মডিউল ৫: Research for Governance — অনুভূতির প্রতিবেদন

গবেষণার বিষয়: Gender Balance in Public Leadership

লিখতে লিখতে হিমেল বুঝল— নেতৃত্ব মানে একা এগোনো নয়, পাশে কাউকে নিয়ে চলা।

নিতার নাম লেখেনি, তবুও প্রতিটি বাক্যে তার ছায়া লেগে আছে।

রাতে ফোনে বলল, "তুমি জানো আমি কী শিখছি?"

নিতা বলল, "কী?"

"তুমি না থাকলে আমি নেতৃত্বই বুঝতাম না।"

ও হাসল— "তুমি দেশের জন্য কাজ শেখো, আমি তোমার জন্য ধৈর্য শেখি।"

হিমেল বুঝল— এটাই তার থিসিসের আসল Abstract।

মডিউল ৬: Sustainable Development Goals — ভবিষ্যতের প্রতিশ্রুতি

আলোচনা চলল টেকসই উন্নয়ন, সমতা, আর পরিবেশের ভারসাম্য নিয়ে।

হিমেল ভাবল— দেশের উন্নয়ন যেমন প্রকৃতি ও মানুষের সমন্বয়ে টিকে থাকে,

তেমনি জীবনের উন্নয়নও ভালোবাসা ও দায়িত্বের ভারসাম্যেই পূর্ণতা পায়।

লেকের ধারে বসে সে লিখল—

"যে দেশের মানুষ নিজের দেশকে ভালোবাসতে শেখে,

সেই দেশই টেকসই হয়।"

মডিউল ৭: Project Management and Financing — জীবনের প্রকল্প

বিষয়: Project Cycle

হিমেল মুচকি হেসে বলল, "যে প্রকল্পে ভালোবাসা আছে, সেখানে লাভ-ক্ষতির হিসাব চলে না।"

সেই রাতে নিতা জানাল, "আজ স্কুলে রাফিদের প্রজেক্ট ডে ছিল— সে বানিয়েছে মানচিত্র।"

হিমেল বলল, "আমার জীবনের সেরা প্রজেক্ট ওটাই।"

BPATC-র মাঠে দাঁড়িয়ে সে বুঝল— জীবনটাই এক চলমান প্রকল্প,

যেখানে লক্ষ্য হলো দায়িত্ব, আর ফলাফল ভালোবাসা।

মডিউল ৮: Procurement Management — বিশ্বাসের সরবরাহ

বক্তা বললেন, “স্বচ্ছতা মানে শুধু প্রক্রিয়া নয়, এটি নৈতিকতারও পরীক্ষা।”

হিমেল ভাবল, অফিসে যেমন সততা রক্ষা করতে হয়, ঘরেও তেমনি বিশ্বাস বজায় রাখতে হয়।

রাতে নিতা বলল, “আজ রাফিদ বলছে, ‘বাবা দূরে থেকেও আমাদের জন্য কিছু পাঠায়।’”

হিমেল মনে মনে বলল— সততার সবচেয়ে বড় সরবরাহ আসলে বিশ্বাসই।

মডিউল ৯: Development Partnerships and Negotiations — নীরব সমঝোতা

বক্তা বললেন, “একজন নেতার শক্তি তার কণ্ঠে নয়, তার শুনতে পারার ক্ষমতায়ও।”

হিমেলের মনে পড়ল নিতা— যে কম বলে, কিন্তু গভীরভাবে বোঝে।

সন্ধ্যায় ফোনে সে বলল, “আজ শিখলাম, আলোচনার চেয়ে বোঝাপড়াই বড়।”

নিতা হেসে বলল, “তাহলে তোমার ক্লাসরুমটা আজ ঘরেই বসানো যেত।”

হিমেল হাসল— সংসারের প্রতিটি সমঝোতাই একেকটা কূটনীতি।

মডিউল ১০: Communication Competency — নীরবতার ভাষা

বক্তা বললেন, “ভালো যোগাযোগ মানে শুধু বলা নয়, অনুভব করাও।”

হিমেল জানে— নিতার নীরবতাও অনেক কথা বলে।

প্রেজেন্টেশনে সে বলল, “Effective communication builds trust.”

তখন মনে পড়ল পরিবারের প্রতিদিনের ছোট ছোট কথোপকথন—

যা আসলে ভালোবাসার প্রশাসন।

রাতে নিতা মেসেজ পাঠাল, “তুমি কম বললেও আমি সব বুঝি।”

হিমেল জানল— সত্যিকারের যোগাযোগ কেবল ভাষায় নয়, হৃদয়ের গভীরেও হয়।

মডিউল ১১: Fitness and Well-Being — দৌড়, শ্বাস আর প্রার্থনা

ভোরের মাঠে হিমেল দৌড়াচ্ছে— হাঁপাচ্ছে, তবুও থামছে না।

সহকর্মী বলল, “স্যার, একটু বিশ্রাম নিন।”

হিমেল হেসে বলল, “এখন থামলে হয়তো আর শেষ করতে পারব না।”

রাতে নিতা জিজ্ঞেস করল, “তুমি শরীরের যত্ন নিচ্ছো তো?”

হিমেল বলল, “শরীর ঠিক থাকলে মনও শক্ত হয়, আর মন শক্ত হলে পরিবারও টিকে যায়।”

রাফিদ ঘুমের ঘোরে বিড়বিড় করে বলল, “বাবা, তুমি জিতেছো?”

হিমেল মৃদু হেসে বলল, “হ্যাঁ বাবা, আজও জিতেছি— নিজের অলসতাকে হারিয়ে।”

মডিউল ১২: Contemporary Issues — সময়ের সঙ্গে প্রেমের সংলাপ

বক্তা বললেন, “পেশাগত সফলতা ও পারিবারিক সুখ একসাথে পাওয়া যায় না, কিন্তু ভারসাম্য খুঁজে পাওয়া যায়।”

হিমেলের মনে বাজল নিতার কণ্ঠ, “তুমি অফিসে যত বড়ই হও, বাসায় ফিরে মানুষ হয়ে এসো।”

রাতে সে বলল, “আজ শুনলাম, কাজ আর পরিবারের মধ্যে যুদ্ধ চলে।”

নিতা হেসে বলল, “আমি সেই যুদ্ধে প্রতিদিন লড়ি— তোমাকে না দেখে তোমাকে টিকিয়ে রাখি।”

দুই সন্তান ঘুমিয়ে গেছে, কিন্তু নিতার চোখে তখনও আলো— সকালের সূর্যের মতোই উজ্জ্বল ও প্রানবন্ত।

মডিউল ১৩: Learning Good Practice (Domestic Exposure Visit) — মাটির গন্ধ, ভালোবাসার শিক্ষা

শেষ সপ্তাহের ফিল্ড ট্যুর— সুন্দরবনের উপকূলীয় অঞ্চল।

সেখানে একদল নারী মাছ ধরে, প্রক্রিয়াজাত করে, নিজের পায়ে দাঁড়িয়েছে।

তারা বললেন, “সরকারের ট্রেনিং-এ যা শিখেছি, ঘরে ফিরেই কাজে লাগিয়েছি।”

হিমেলের মনে হল— এই নারীরাই নিতার সম্প্রসারিত প্রতিচ্ছবি।

বাসে ফেরার সময় জানালার বাইরে নদী আর আকাশ মিশে যাচ্ছিল—
সেই দৃশ্যের ভেতরেও যেন নিতার মুখ ভেসে ছিল।

সমাপনী অনুষ্ঠান: গ্রাজুয়েশন ডে

হলভর্তি অফিসার, অতিথি, করতালি।
অনুষ্ঠান শুরু হতেই হিমেলের বুক কেঁপে উঠল—
মনে হলো, প্রশিক্ষণের প্রতিটি সকাল, প্রতিটি দৌড়, প্রতিটি ক্লাস এক মুহূর্তে ফিরে এল চোখের সামনে।
সার্টিফিকেট হাতে রুমে ফিরতেই দরজার নিচে একটি খাম— তাতে লেখা, "ফিরে এসো হিমেল "
ভেতরে নিতার লেখা—

"হিমেল,

তুমি এখানে দেশকে ভালোবাসতে শিখছো, আর আমি ঘরে থেকে সেই ভালোবাসাকে টিকিয়ে রাখছি।
আমি চুপ করে ছিলাম, কারণ চোখ ভিজে গিয়েছিল।
তুমি জানো, এই সংসারটাই তোমার প্রশিক্ষণের এক সম্প্রসারিত সংস্করণ—
শুধু সার্টিফিকেটটা আমরা পাই না।
কিন্তু তাতে কী! তোমার প্রতিটি শেখা, প্রতিটি ত্যাগ, প্রতিটি দায়িত্বের ভেতর আমি, আলিয়া আর রাফিদ আছি।
ফিরে এসো, স্যার। এখন তোমার ক্লাস শেষ।"

— নিতা

চিঠিটা বুকে চেপে ধরল হিমেল।
নিঃশব্দে চোখ বুঁজে কি যেন ভাবল— একটুখানি দীর্ঘশ্বাস মিশে গেল সন্ধ্যার বাতাসে।
সাভারের লেকের ওপরে সূর্য ডুবছিল— আকাশ লালচে আলোয় রাঙা,
হালকা বাতাসে গাছের পাতা নড়ে উঠল যেন শ্রদ্ধায়।
হিমেল মনে মনে বলল—
"BPATC আমাকে শিখিয়েছে নেতৃত্ব, নীতি আর ব্যবস্থাপনা;
কিন্তু নিতা আমাকে শিখিয়েছে ভালোবাসার প্রশাসন।"
সাভারের মুক্ত আকাশের নিচে দাঁড়িয়ে সে বুঝল—
দেশ মানে শুধু সীমানা নয়,
দেশ মানে সেই মানুষগুলো—
যারা নীরবে ত্যাগ করে, অপেক্ষা করে,
আর যাদের ভালোবাসাতেই এক জাতির প্রশাসন টিকে থাকে।

বিপিএটিসি প্রশিক্ষণ অভিজ্ঞতা: প্রশাসনিক সক্ষমতা উন্নয়নের এক বাস্তব শিক্ষণ যাত্রা

(BPATC Training Experience: A Transformative Journey Toward Administrative Excellence)

মোঃ সহিদুজ্জামান

১. ভূমিকা

বাংলাদেশ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টার (BPATC) দেশের সরকারি প্রশাসনের উন্নয়ন, নেতৃত্ব বিকাশ এবং সুশাসন প্রতিষ্ঠার একটি অন্যতম জাতীয় প্রতিষ্ঠান। ১৯৮৪ সালে প্রতিষ্ঠার পর থেকে প্রতিষ্ঠানটি সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা, প্রশাসনিক নৈতিকতা এবং নাগরিককেন্দ্রিক দৃষ্টিভঙ্গি বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

বিপিএটিসিতে আমার প্রশিক্ষণ অভিজ্ঞতা কেবল একটি প্রাতিষ্ঠানিক শিক্ষণ কার্যক্রম নয়; বরং এটি ছিল একটি রূপান্তরমূলক (transformative) ও অভিজ্ঞতাভিত্তিক (experiential) প্রক্রিয়া, যা আমার প্রশাসনিক দৃষ্টিভঙ্গি, নেতৃত্ব দক্ষতা এবং নীতিনিষ্ঠ আচরণে তাৎপর্যপূর্ণ প্রভাব ফেলেছে।

২. প্রশিক্ষণের উদ্দেশ্য ও কাঠামোগত বিন্যাস

বিপিএটিসির প্রশিক্ষণ কর্মসূচির প্রধান উদ্দেশ্য হলো সরকারি কর্মকর্তাদের মধ্যে পেশাগত দক্ষতা (professional competence), নৈতিক সচেতনতা (ethical awareness) এবং জনসেবা মনোভাব (public service orientation) উন্নয়ন করা।

প্রশিক্ষণ কার্যক্রমটি তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষণ পদ্ধতির সমন্বয়ে পরিচালিত হয়। পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত থাকে:

- প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক বক্তৃতা
- কেস স্টাডি ও গ্রুপ ডিসকাশন
- সেমিনার ও প্রেজেন্টেশন
- ফিল্ড ভিজিট ও বাস্তব পর্যবেক্ষণ
- ই-লার্নিং ও ব্যক্তিগত উন্নয়ন সেশন

এই সমন্বিত কাঠামো অংশগ্রহণকারীদের মধ্যে বিশ্লেষণমূলক চিন্তাভাবনা, সৃজনশীল সমস্যা সমাধান এবং কার্যকর সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা গড়ে তোলে।

৩. প্রশিক্ষণ অভিজ্ঞতার এক বিশ্লেষণমূলক পর্যালোচনা

বিপিএটিসিতে প্রশিক্ষণ চলাকালীন আমি উপলব্ধি করেছি যে, প্রশাসনিক দক্ষতা অর্জন কেবল নিয়মকানুন বা দাপ্তরিক জ্ঞান শেখার মাধ্যমে সম্ভব নয়; বরং এটি একটি মনোভাবগত পরিবর্তন (attitudinal transformation)।

প্রশিক্ষকবৃন্দ ছিলেন অত্যন্ত অভিজ্ঞ ও গবেষণাভিত্তিক জ্ঞানসম্পন্ন। তাঁরা শুধু তত্ত্ব নয়, বাস্তব প্রশাসনিক জটিলতার আলোকে পাঠদান করেছেন। তাঁদের উপস্থাপন ও পরামর্শ প্রশাসনিক বাস্তবতা সম্পর্কে গভীর উপলব্ধি দিয়েছে।

অন্যদিকে, সহকর্মীদের সঙ্গে দলগত কাজ (team work), গ্রুপ প্রেজেন্টেশন ও সিমুলেশন কার্যক্রম আমার সহযোগিতামূলক নেতৃত্ব (collaborative leadership) এবং আন্তঃব্যক্তিক যোগাযোগ দক্ষতা বৃদ্ধি করেছে।

৪. প্রাতিষ্ঠানিক পরিবেশ ও শিক্ষণ সংস্কৃতি

বিপিএটিসির পরিপাটি, শৃঙ্খলাপূর্ণ ও মনোরম ক্যাম্পাস একটি শিক্ষণবান্ধব পরিবেশ প্রদান করে। এখানকার প্রশাসনিক কাঠামো, সময়নিষ্ঠতা ও শৃঙ্খলা প্রশিক্ষণার্থীদের মধ্যে দায়িত্ববোধ, আত্মনিয়ন্ত্রণ ও নৈতিক শুদ্ধতা জাগ্রত করে।

গ্রন্থাগার, আধুনিক আইটি ল্যাব, কনফারেন্স সুবিধা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ফিটনেস কার্যক্রম—সবকিছু মিলিয়ে বিপিএটিসি একটি সমগ্র মানবিক উন্নয়ন কেন্দ্র (holistic human development center) হিসেবে কাজ করে।

৫. ব্যক্তিগত ও পেশাগত প্রভাব

এই প্রশিক্ষণ আমার পেশাগত জীবনে এক গুরুত্বপূর্ণ মোড় পরিবর্তন করেছে। আমি শিখেছি, কার্যকর প্রশাসন শুধু নিয়ম পালন নয়; এটি নাগরিক কল্যাণের এক অবিরাম প্রয়াস।

প্রশিক্ষণের ফলে আমার মধ্যে নিম্নলিখিত উন্নয়ন ঘটেছে—

- কৌশলগত চিন্তন (Strategic Thinking): জটিল প্রশাসনিক সমস্যা বিশ্লেষণের সক্ষমতা বৃদ্ধি।
- নেতৃত্ব বিকাশ (Leadership Development): দল পরিচালনা ও অনুপ্রেরণা দেওয়ার দক্ষতা অর্জন।
- নৈতিক প্রশাসন (Ethical Governance): সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতি অঙ্গীকার দৃঢ়তর হয়েছে।
- জনসেবা মনোভাব (Public Service Motivation): নাগরিককেন্দ্রিক দৃষ্টিভঙ্গি বিকাশ পেয়েছে।

৬. উপসংহার

বিপিএটিসি প্রশিক্ষণ অভিজ্ঞতা আমার জন্য একটি একাডেমিক, পেশাগত এবং নৈতিক শিক্ষার সমন্বিত যাত্রা। এটি আমাকে কেবল একজন দক্ষ কর্মকর্তা হিসেবেই নয়, বরং একজন দায়িত্বশীল ও মানবিক জনসেবক হিসেবে গড়ে তুলতে সহায়তা করেছে।

ভবিষ্যতে সরকারি প্রশাসনে কার্যকর, স্বচ্ছ এবং নাগরিকবান্ধব সেবা নিশ্চিত করতে এই প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান ও মূল্যবোধ হবে আমার পেশাগত পথচলার মূল ভিত্তি।

মূল শব্দ (Keywords):

BPATC, প্রশাসনিক দক্ষতা, নেতৃত্ব বিকাশ, সুশাসন, জনসেবা, নৈতিকতা, প্রশিক্ষণ অভিজ্ঞতা

Surah Ad-Duha:
Allah's Promise of Love

Mohammad Tanvir Akkas

"By the forenoon, and by the night when it grows still—
Your Lord has neither forsaken you, nor is He displeased with you."
(Surah Ad-Duha 93:1–3)

A Source of Comfort for Troubled Hearts

For every believer, Surah Ad-Duha is a cherished chapter of hope and healing—a divine balm for sorrowful hearts. Many have felt its soothing power during times of sadness and despair.

I remember first learning about it in a Qur'an memorization class, where I discovered that this surah was revealed as a message of comfort to the Prophet Muhammad himself. From that day, my love for the surah deepened. Later, through studying its meanings and tafsir, I came to see it as a timeless message of divine compassion and reassurance.

Basic Introduction

Surah Ad-Duha (The Forenoon) is the 93rd chapter of the Qur'an. It was revealed in Makkah and contains 11 verses.

Its central theme is Allah's reassurance to His Prophet during a period of sorrow, when revelation had temporarily ceased. The Prophet feared that perhaps Allah Sub⊡ānahu wa Ta'ālā (SWT) had abandoned or become displeased with him.

Through this surah, Allah SWT the Exalted declared His everlasting love, mercy, and support, making it one of the most uplifting and hope-filled chapters of the Qur'an.



Background of Revelation

According to a narration from Jundub (RA), the Prophet once fell ill and could not stand for Tahajjud prayer for one or two nights. A woman (identified as Umm Jameel, the wife of Abu Jahl) mockingly said:

"O Muhammad, I think your Shaytan has forsaken you!"

In response, Allah SWT revealed:

"By the forenoon, and by the night when it grows still—

Your Lord has neither forsaken you, nor is He displeased with you."

(Ahmad 4/312; Muslim 3/1421-22; Tirmidhi 9/272; Nasa'i 6/517; Tabari 24/485-86)

Other narrations mention that when revelation was delayed for a few days, the mushrikin (polytheists) mocked the Prophet, claiming that his Lord had abandoned him. This surah was then revealed to comfort him and silence their taunts.

(Ibn Abbas, Tafsir al-Tabari 24/484; Tafsir al-Qurtubi 20/91)

The Divine Message

The surah opens with two oaths—by the morning light and the stillness of night—to emphasize that Allah's mercy alternates like the rhythm of day and night. Just as the darkness of night is followed by the brightness of day, the temporary pause in revelation was followed by renewed divine communication.

"Your Lord has not forsaken you, nor is He displeased."

"And surely the Hereafter is better for you than the present life."

(Surah Ad-Duha 93:3-4)

These verses assure the Prophet that every stage of his life will be better than the last—in knowledge, nearness to Allah SWT, spiritual status, and victory over adversity. His future, both in this world and the next, would be filled with greater blessings.



Prophetic Humility

Abdullah ibn Mas'ud (RA) narrates:

The Prophet once lay on a simple mat that left marks on his blessed side. I said,

"O Messenger of Allah, may my parents be sacrificed for you! Let us make something softer for you."

He replied,

"What have I to do with this world? My example with this world is like that of a traveler who rests under a tree, then leaves it behind."

(Ibn Majah 4109; Musnad Ahmad 1/391)

This hadith beautifully mirrors the message of Ad-Duha: true peace is not in worldly comfort, but in Allah's closeness and eternal reward.

Abundant Blessings and Divine Gratitude

Allah SWT continues:

"And your Lord will give you so much that you will be pleased."

(Surah Ad-Duha 93:5)

This promise encompasses all blessings—worldly and eternal. The Prophet's ultimate satisfaction lies in the spread of Islam, the guidance of humanity, and the triumph of truth.

Ibn Abbas (RA) relates that as the Prophet was later shown the lands that would be conquered by Muslims, he rejoiced. Then Allah SWT revealed this verse:

"Soon your Lord will give you, and you will be pleased."

(Mustadrak al-Hakim 2/526)

Reminders of Past Blessings

Allah SWT then reminds His beloved Messenger of His favors:

1. "Did He not find you an orphan and give you shelter?"

The Prophet lost his parents early in life, yet Allah SWT provided loving care through his grandfather Abdul Muttalib and uncle Abu Talib.

2. "And He found you unaware (of the divine law) and guided you."

Before revelation, he was unacquainted with divine scripture until Allah SWT illuminated his heart with prophethood.

3. "And He found you poor and made you self-sufficient."

Allah SWT enriched him through contentment, spiritual wealth, and sufficiency.

Three Noble Commands

After mentioning these favors, Allah SWT commands three acts of gratitude:

1. Be kind to orphans:

"So do not oppress the orphan." (Surah Ad-Duha 93:9)

2. Treat the needy with respect:

"And do not repel the one who asks." (Surah Ad-Duha 93:10)

3. Proclaim Allah's blessings:

"And proclaim the grace of your Lord." (Surah Ad-Duha 93:11)

The Prophet said:

"Whoever mentions Allah's blessings upon him is grateful, and whoever conceals them is ungrateful."

(Abu Dawud 5/159)

Lessons from Surah Ad-Duha

1. Allah SWT never abandons His beloved servants.

His mercy is constant even when trials seem prolonged.

2. Every hardship is temporary.

The light of relief always follows the darkness of difficulty.

3. The Hereafter is far better and everlasting.

Worldly struggles are fleeting; the eternal reward awaits.

4. Wealth is a trust, not a privilege.

The rich should help the poor and ease their suffering.

5. Treat orphans and the needy with compassion.

Never scold or humiliate those in need.

6. Be grateful for Allah's favors.

Gratitude through words and actions increases divine blessings.

Conclusion

Surah Ad-Duha stands as a timeless reminder that Allah's love and mercy never fade. When life feels dark and uncertain, this surah whispers hope into the heart:

"Your Lord has not forsaken you, nor is He displeased." (Surah Ad-Duhaa 93:3)

It teaches that even silence and delay are part of Allah's divine plan—a prelude to light, mercy, and abundance.

স্ট্রেস ম্যানেজমেন্ট: মাঠ প্রশাসনের অভিজ্ঞতা ও বাস্তব প্রয়োগ

সুরাইয়া জাহান



প্রশাসনের কাজ মানে শুধু দাপ্তরিক কার্য সম্পাদন নয়, এর সঙ্গে জড়িত থাকে নেতৃত্ব, সিদ্ধান্ত গ্রহণ, জনসেবার মনোভাব এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো মানসিক স্থিতি বজায় রাখার ক্ষমতা। একজন সরকারি কর্মকর্তা হিসেবে মাঠ প্রশাসনে দীর্ঘদিন কাজ করার অভিজ্ঞতায় আমি উপলব্ধি করেছি, দায়িত্বের জটিলতা ও চ্যালেঞ্জ যত বেড়েছে, মানসিক চাপও ততটা বেড়েছে। সতের বছর সরকারী চাকুরী জীবনে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসক হিসেবে মাঠ পর্যায়ে প্রায় দশ বছরের প্রশাসনিক অভিজ্ঞতায় আমি দেখেছি, স্ট্রেস ম্যানেজমেন্ট শুধু ব্যক্তিগত প্রয়োজন নয়, বরং এটি একটি প্রাতিষ্ঠানিক দক্ষতা যা প্রশাসনের মান ও কর্মদক্ষতাকে সরাসরি প্রভাবিত করে।

মাঠ প্রশাসনের বাস্তবতা ও স্ট্রেসের উৎস

মাঠ পর্যায়ে দায়িত্ব পালন মানে প্রতিদিনের অজস্র অনিশ্চয়তা। কখনো ভূমি বিরোধ, কখনো আইনশৃঙ্খলা পরিস্থিতি, কখনো প্রাকৃতিক দুর্যোগ, আবার কখনো রাজনৈতিক বা জনচাপ সব ক্ষেত্রেই দ্রুত সিদ্ধান্ত ও কার্যকর পদক্ষেপ নিতে হয়। এ সিদ্ধান্তগুলো অনেক সময় মুহূর্তের মধ্যে নিতে হয়, যার ফলাফল সরাসরি জনজীবনে প্রভাব ফেলে। একজন সহকারী কমিশনার (ভূমি) হিসেবে জনগণের ভূমি সংক্রান্ত অভিযোগ, রেকর্ড সংশোধন, খাস জমি বন্দোবস্ত, মোবাইল কোর্ট পরিচালনা সবকিছুই একসঙ্গে সামলাতে হয়। অন্যদিকে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে একজন কর্মকর্তা স্থানীয় প্রশাসনের নেতৃত্ব দান, উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন থেকে শুরু করে দুর্যোগ ব্যবস্থাপনা, নির্বাচন পরিচালনা, সামাজিক সমস্যা সমাধান পর্যন্ত বহুমুখী দায়িত্ব পালন করতে হয়। জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব আরও বিস্তৃত - সমন্বয়সাধন, বাস্তবায়ন, নীতিনির্ধারণ ও তদারকি অর্থাৎ সরাসরি কেন্দ্রীয় সরকার এবং জনগণের মাঝে সেতু বন্ধন হিসেবে প্রশাসনের সব শাখার দায়িত্ব একত্রে বহন করতে হয়। এই অবিরাম দায়িত্ব পালনের মধ্যেই জন্ম নেয় মানসিক চাপ। সময়ের সীমাবদ্ধতা, সম্পদের অভাব, ক্রমাগত জনচাপ, এবং কখনো রাজনৈতিক বা সামাজিক প্রত্যাশার ভার, কর্মকর্তাকে মানসিকভাবে ক্লান্ত করে তোলে। অনেক সময় ব্যক্তিগত জীবনও ক্ষতিগ্রস্ত হয়, কারণ দাপ্তরিক দায়িত্বের বাইরেও মাঠ পর্যায়ের এই সকল কর্মকর্তাকে প্রায়ই ২৪ ঘণ্টা প্রস্তুত থাকতে হয়।

স্ট্রেস ম্যানেজমেন্টের প্রয়োজনীয়তা ও উপায়

স্ট্রেস সম্পূর্ণ নেতিবাচক নয় বরং এটি এক ধরনের উদ্দীপনা যা আমাদের কর্মক্ষম রাখে। তবে যখন চাপ আমাদের

স্বাভাবিক জীবনযাত্রা ও চিন্তাশক্তিকে ব্যাহত করে, তখন সেটাই ক্ষতিকর হয়ে ওঠে। তাই স্ট্রেস নিয়ন্ত্রণ বা ম্যানেজ করা খুবই জরুরি।

প্রথমত, সময় ব্যবস্থাপনা (Time Management) হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক। প্রতিটি কাজের অগ্রাধিকার নির্ধারণ করতে হয়। সব কাজ একসঙ্গে করার চেষ্টা না করে জরুরি ও গুরুত্বপূর্ণ কাজগুলো আগে সম্পন্ন করলে চাপ অনেকটাই কমে।

দ্বিতীয়ত, দলগত কাজের সংস্কৃতি (Teamwork) গড়ে তোলা প্রয়োজন। একজন সিনিয়র কর্মকতা যদি তার জুনিয়র সহকর্মীদের প্রতি আস্থা রাখেন, দায়িত্ব ভাগ করে দেন এবং তাদের সিদ্ধান্ত গ্রহণে উৎসাহিত করেন, তাহলে শুধু দক্ষতা বাড়ে না বরং মানসিক চাপও কমে।

তৃতীয়ত, যোগাযোগ ও সহমর্মিতা (Empathy and Communication) হলো মানসিক প্রশান্তির মূল চাবিকাঠি। একজন কর্মকর্তা যদি নাগরিকের সমস্যাকে বোঝার চেষ্টা করেন, সহকর্মীর কষ্ট উপলব্ধি করেন, তাহলে কাজের পরিবেশ মানবিক হয়ে ওঠে। এতে মানসিক চাপ অনেকটাই হ্রাস পায়।

চতুর্থত, শারীরিক সুস্থতা (Physical Fitness) মানসিক স্থিতি বজায় রাখতে অত্যন্ত কার্যকর। নিয়মিত ব্যায়াম, পর্যাপ্ত ঘুম, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, এবং ধর্মীয় চর্চা মানসিক শান্তি বজায় রাখে।

পঞ্চমত, পারিবারিক ও সামাজিক সম্পর্কের গুরুত্ব অপরিসীম। প্রশাসনিক ব্যস্ততার মাঝেও পরিবার, বন্ধু ও সহকর্মীদের সঙ্গে সময় কাটানো মানসিক পুনরুজ্জীবনের কাজ করে।

অভিজ্ঞতার আলোকে কিছু ব্যক্তিগত উপলব্ধি

দশ বছরের মাঠ পর্যায়ের অভিজ্ঞতায় আমি দেখেছি, প্রতিটি কঠিন সময়ই একটি শিক্ষণীয় অধ্যায়। একটি বিরোধপূর্ণ ভূমি মামলার সমাধান, বন্যা বা ঘূর্ণিঝড়ের সময় ত্রাণ কার্যক্রম পরিচালনা, কিংবা স্থানীয় কোনো সামাজিক সংকটের নিরসন ইত্যাদি কাজ গুলো আমাদের শেখায় কীভাবে চাপের মধ্যেও স্থির থাকতে হয়। কখনো কখনো চরম পরিস্থিতিতে মানসিক ভারসাম্য রক্ষা করা প্রশাসনিক সাফল্যের চেয়েও বড় অর্জন মনে হয়েছে।

একজন কর্মকর্তার শক্তি তার পদমর্যাদায় নয়, বরং চাপের মধ্যেও যুক্তিবোধ, ধৈর্য ও মানবিকতা বজায় রাখার ক্ষমতায় নিহিত। তাই আমি মনে করি, স্ট্রেস ম্যানেজমেন্ট হলো একজন কর্মকর্তার নেতৃত্বের

ভিত্তি। প্রশাসনিক কাজের পরিধি যত বিস্তৃত, ততই প্রয়োজন মানসিক দৃঢ়তা ও আত্মনিয়ন্ত্রণের। স্ট্রেসকে এড়িয়ে যাওয়া সম্ভব নয়, তবে তা সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব। একজন কর্মকর্তা যদি নিজের কাজ, পরিবার ও জীবনের মধ্যে ভারসাম্য বজায় রাখতে পারেন, তবে স্ট্রেস তার দুর্বলতা নয়, বরং প্রেরণার উৎস হয়ে উঠবে।

প্রশাসনিক কর্মকর্তাদের পেশাগত মানোন্নয়ন ও মানসিক সুস্থতা বৃদ্ধির লক্ষ্যে নানাবিধ প্রশিক্ষণ ও কাউন্সেলিং প্রোগ্রাম চালু রয়েছে। বাংলাদেশ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টার (BPATC), বাংলাদেশ সিভিল সার্ভিস অ্যাডমিনিস্ট্রেশন একাডেমি (BCSAA), এবং জেলা পর্যায়ের প্রশিক্ষণ ইনস্টিটিউটগুলোতে নেতৃত্ব, যোগাযোগ, ও স্ট্রেস ম্যানেজমেন্ট বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এসব উদ্যোগ কর্মকর্তাদের মধ্যে সচেতনতা ও আত্মনিয়ন্ত্রণের দক্ষতা বৃদ্ধি করছে। এছাড়া প্রশাসনে এখন ধীরে ধীরে ইমোশনাল ইন্টেলিজেন্স (Emotional Intelligence)-এর গুরুত্ব বাড়ছে। অর্থাৎ শুধু নীতিনিষ্ঠতা নয়, একজন কর্মকর্তার সহমর্মিতা, শ্রবণশক্তি, ও আত্মনিয়ন্ত্রণের ক্ষমতা তার নেতৃত্বের গুণাবলিকে পরিপূর্ণ করে তুলছে।

পরিশেষে, সঠিক দৃষ্টিভঙ্গি, সুসংগঠিত জীবনধারা, এবং মানবিক নেতৃত্ব-এই তিনটি উপাদানই মাঠ প্রশাসনের কর্মকর্তাদের মানসিক সুস্থতা ও কর্মদক্ষতার মূল ভিত্তি। শেষ পর্যন্ত চাপের মধ্যেও প্রশান্ত থাকা, দায়িত্বের ভেতরেও মানবিকতা বজায় রাখা এটাই একজন সত্যিকারের প্রশাসনিক কর্মকর্তার পরিচয়।

PARTICIPANT
Photo Gallery

Inaugural Ceremony

Visit National Martyrs' Memorial

Rector's Tea

Photo Gallery

Class Session

Photo Gallery





Sports

Bangladesh Public Administration Trai

dministration Training Centre

Visit Sundarban

Visit Square Toiletries Ltd.

Visit Milk Vita

Photo Gallery

Photo Gallery



Vision Garden

brilliant cloud
intercloud
MORE THAN CLOUD
INTERCLOUD'S TIER-III
DATA CENTER
THE TRUSTED CORE OF BANGLADESH'S DIGITAL GROWTH
Location:
Kaliakoir Hi-Tech Park, Gazipur
+880 9638 383838
intercloud.com.bd
Data Center at a Glance:
Area : 1.5 acre land
Facility Size: Approx. 20,000 sq.ft
Capacity: 120 Rack Space
Infrastructure & Facilities:
Tier-III Data Center Standard
ISP & NTTN Facility
N+1 Redundancy
Fire detection & suppression system
24/7 physical & digital security
Service Portfolio:
Colocation Services
Infrastructure as a Service (IaaS)
Backup as a Service (BaaS)
Storage as a Service (STaaS)
Mail as a Service (MaaS)
Brilliant Kubernetes Service (BKS)
GPU Powered Infrastructure



সোনালী ব্যাংক পিএলসি
বিশ্বস্ত ও স্মার্ট
দিন রাত ২৪ ঘন্টা Sonali e-wallet আপনার সেবায়
প্রবাসীরাও বিদেশে বসেই
Sonali e-wallet এ
লেনদেন করতে পারবেন
DPS এবং FDR একাউন্ট ওপেন
BEFTN / NPSB / RTGS
Cheque Book এবং Debit Card রিকোয়েস্ট
২৪/৭ হটলাইন
১৬৬৩৯
+৮৮০৯৬১০০১৬৬৩৯
Local: 16639 Int'l: +8809610016639
www.sonalibank.com.bd

পবিত্র
হজ্জ
ও উমরাহ
ব্যবস্থাপনার
বিশ্বস্ত প্রতিষ্ঠান
বিশ্বের যে কোন
দেশের
ভিসা প্রসেসিং ও
এয়ার টিকেটিং
করা হয়
অভিজ্ঞ উলামায়ে কিরামগণের
সঠিক দিক নির্দেশনায় সুন্দর ও সহীহ পন্থায়
হজ্জ ও উমরাহ্ পালনের ব্যবস্থা করা হয়
IATA
ATAB MEMBER
Biman APPROVED
এস.আর. ট্রেড ট্যুরস্ এন্ড ট্রাভেলস্
সরকার অনুমোদিত ট্রাভেল ও হজ্জ এজেন্ট (হজ্জ লাইসেন্স নং : ১১৩৭)
এ্যাকটিভ ম্যানপাওয়ার সার্ভিসেস
সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্ট (লাইসেন্স নং : ১৩২৮)
অফিস-০১ : ৩০/এ, নয়া পল্টন, সাত্তারা সেন্টার, হোটেল ভিক্টরী (৮ম তলা)
(লিফট এর ৭) নয়াপল্টন, ঢাকা-১০০০।
অফিস-০২ : ১২২, ডি.আই.টি এক্সটেনশন রোড (২য় তলা), ১২২, ফকিরাপুল,
(হোটেল বক্সীর বিপরীত পার্শ্বে) ফকিরাপুল, ঢাকা-১০০০
মোবাইল : ০১৯১৪৮৫৫১৫০, ০১৯৭৯৮৯৮৪০৫
E-mail: activemanpowerbd1@gmail.com, srtrade2@gmail.com


BEXIMCO PHARMA
here's to life
FROM BANGLADESH TO THE WORLD: POWERED BY INNOVATION, DRIVEN BY PURPOSE
At Beximco Pharma, we don't just make medicines — we engineer possibilities. From playing a pioneering role in the country's pharmaceutical sector to reaching over seventy countries across the globe, our journey is built on relentless efforts, sustainable growth, and a commitment to improving lives.
With world-class manufacturing, a robust R&D pipeline, and strategic global partnerships, we are proud to be a flag-bearer of Bangladesh's pharmaceutical excellence on the international stage.
Beximco Pharma — Trusted Worldwide. Inspired at Home.

1st Time in Bangladesh Alginate Based Buffered
Rabeprazole MUPS Formulation

Finix® MUPS 20 mg Tablet

Rabeprazole Sodium BP

The Fastest Acting Proton Pump Inhibitor in the World

Bislol®

1st Time locally manufactured Bisoprolol brand in Bangladesh

1.25, 2.5, 5, 7.5 & 10 mg Tablet

Bisoprolol Fumarate USP

A choice of beta-1 selectivity

Clavusef®

Cefuroxime BP & Clavulanic Acid USP

125 mg & 31.25 mg Tablet
250 mg & 62.5 mg Tablet
500 mg & 125 mg Tablet
70 ml Powder for Suspension
(125 mg & 31.25 mg / 5 ml)

Keeps Cefuroxime working for future

Trilock®

Montelukast USP

USFDA DMF GRADE # 24445

10 mg Tablet
10 mg Soft Chewable Tablet
4 mg & 5 mg OFT
4 mg & 5 mg Chewable Tablet
4 mg Oral Granules Sachet

Trusted Choice for Asthma & Allergic Complications

"Like" us on facebook .com/OpsoninPharma

Opsonin Pharma
Ideas for healthcare

FURTHER INFORMATION IS AVAILABLE FROM:
Opsonin Pharma Limited
Product Management Department, Opsonin Building
30 New Eskaton, Dhaka 1000, Visit our website: www.opsonin-pharma.com

Accelerating Pharma Research
& Bringing Medical Science to Life
Primary Care
State of the art Oral Solid, Semi Solid and Sterile facility.
OSD facility accredited by TGA, Australia and NPRA, Malaysia.
Cephalosporin
Dedicated facility for Cephalosporin.
Conforming CGMP guidelines of WHO/EU/PICS/ICH.
Metered Dose Inhaler &
Dry Powder Inhaler
State of the art Manufacturing Facilities
1st Alcohol Free Inhaler in Bangladesh
Oncology
First USFDA guided Oncology Plant in Bangladesh.
State of the art OEB-5 compliant containment facility.
Biotech
Most advanced RABS & BSL2 safety cabinet system.
Automatic VHP decontamination system.
Hormone
21CFR Part II compliant facility.
Fully automated CIP & SIP system.
Vaccine
Latest technology, fully automated vaccine plant.
Future of medical science.
Healthcare
Accredited by:
EU GMP
European Union Good Manufacturing Practice
Australian Government
Department of Health and Ageing
Therapeutic Goods Administration
NPRA
MALAYSIA
EXPORTING
QUALITY MEDICINES
TO 25 COUNTRIES
For more information: 096 1010 1996
www.hplbd.com
Healthcare
Pharmaceuticals
Limited

HONOR Magic V5 5G
AI | The Slimmer The Smarter
8.8mm Slimmest
5820mAh Silicon-Carbon
Battery
Enchance Productivity
Pocket PC
Strongest Hinge
Powerful Processor
IP58 & IP59 Water-Resistance
Google Play
SGS
MagicOS 9.0
*Product images are provided for reference only.
please refer to the actual products.

Implementing Agency:
Bangladesh Hi-Tech Park Authority (BHTPA)

Development Partner:
The World Bank

Project Duration:
Jan 2021 – June 2028

BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

DEiED

Digital Entrepreneurship & Innovation Ecosystem Development Project

Core Objectives

Economic Growth

Innovation Capacities:
Enhancing research and development in educational institutions

Private Investment:
Encouraging private sector involvement to boost job creation

Sustainable Growth:
Ensuring long-term viability and inclusivity for small businesses

Digital Entrepreneurship:
Fostering a digital environment that supports new business ventures

DHAKA LEGACY LTD.
"স্বপ্ন নয়, বাস্তবে প্লট দেখে, বায়না দিয়ে প্লট বুঝে নিন,
রেজিস্ট্রেশন করে পরে টাকা দিন।"
লিগ্যাসি লাল পাহাড় সিটি
লাল পাহাড়, নরসিংহপুর, আশুলিয়া, ঢাকা।
রোমান সিটি
শৈলডুবি, ৫নং ওয়ার্ড, কাশিমপুর, গাজীপুর সিটি কর্পোরেশন।
লিগ্যাসি মাদার সিটি
জোড়া ব্রীজ, সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর সিটি কর্পোরেশন।
প্রতি শতাংশ ৮.৫ লক্ষ থেকে ১১.৫ লক্ষ পর্যন্ত
প্রতি শতাংশ ৮.৫ লক্ষ থেকে ১২ লক্ষ পর্যন্ত
প্রতি শতাংশ ৭ লক্ষ থেকে ১০ লক্ষ পর্যন্ত
হেড অফিস: ফ্রেন্ডস টাওয়ার (২য় তলা) জামগড়া চৌরাস্তা, আশুলিয়া, ঢাকা।
ফোনঃ ০৯৬৭৭-৭৭৫৫৬৬, ০১৭২৩-৭৭৫৫৬৬, ০১৭৩৩-৪৪৭৫৫৫
সেলস্ অফিস: প্লট নং-৮, রোড নং-১, রোমান সিটি, শৈলডুবি, কাশিমপুর, গাজীপুর সিটি কর্পোরেশন।

TATA MOTORS
COMMERCIAL VEHICLES
NITOL-NILOY
TATA
HiSPEED
INTRA V20 PICKUP
EXCELLENT MANOEUVRABILITY
SUPERIOR TORQUE. OPTIMUM PROFITS
4 CYLINDER ENGINE
200MM CLUTCH
14" RADIAL TYRES
70 HP
1.1 TON
1.1 TON PAYLOAD

GREE-STAR®
গ্রী-স্টার কনজ্যুমার প্রোডাক্টস লিঃ
বেশি কাপ বেশি স্বাদ
GREE-STAR®
পাতাবাহার®
ব্ল্যাক টি
নিট ওজন ১ কেজি
পাতাবাহার
ব্ল্যাক টি
পাতাবাহার®
ব্ল্যাক টি
টি স্টল
আমরা খাঁটি ও নিরাপদ
পণ্য সরবরাহে অঙ্গীকারবদ্ধ...

রূপালীক্যাশ
RUPALICASH
রাষ্ট্রমালিকানাধীন রূপালী ব্যাংক নতুন আঙ্গিকে নিজস্ব ব্র্যান্ডে নিয়ে এলো মোবাইল ব্যাংকিং সেবা
রূপালীক্যাশ
Add Money
Deposit Money to Other RBPLC Bank Account
Schedule Payment
Deposit Money to Own RBPLC Bank Account
Cash-out
Send Money
Merchant Payment
Cash-in
Scan To Cash-out
E-KYC
Mobile Recharge
Education Payment
Token-based Cash-out
আপনার ব্যাংকিং সহজ, নিরাপদ ও সাশ্রয়ী রাখতে
আজই রূপালীক্যাশ অ্যাপ ডাউনলোড করুন
রূপালী ব্যাংক পিএলসি
RUPALI BANK PLC
উত্তম সেবার নিশ্চয়তা
ডাউনলোড করুন
www.rupalibank.com.bd

Shaping
Future
Healthcare
CONCORD
HEALTHCARE
GROUP
CONCORD
STEM CELL
LIMITED
Stem Cell
Manufacturer
&
Treatment Center
Pain Management
Neurological Disorder
Infertility
Chronic Disease Care
Anti-Aging & Rejuvenation
EW VILLA MEDICA
GERMANY
NUMBER ONE
Anti-Aging & Wellness Center
Pioneer in
Cell & Device Based
Regenerative and Aesthetic Medicine
Diabetes, IBS & Fatty Liver
Hormonal & Sexual Health
Neurological Support
Immunity & Wellness
Skin, Hair & Beauty Solutions
CONCORD
DIAGNOSTICS&
MOLECULAR LAB
1st Private Bio-Safety Level-3
(BSL-3) LABORATORY
International Organization for Standardization
ISO
15189:2012
Molecular Biology
Flow Cytometry
Cancer Diagnosis
Histopathology
Hematology
Radiology & Imaging
CONCORD
Pharmaceuticals Ltd.
CERTIFIED GMP FACILITIES
Exporting to
14 Countries
Across the Globe
Life-Saving Generic & Specialty Medicines
Affordable, High-Quality Healthcare Solutions
CONCORD STEM CELL LIMITED
Hotline: 10670
www.concordstemcell.com
EW VILLA MEDICA
Hotline: 09606-213232
www.ewvillabd.com
CONCORD DIAGNOSTICS& MOLECULAR LAB
Hotline: 10649
www.concorddiagnostics.com
CONCORD Pharmaceuticals Ltd.
Hotline: 01991-146559
www.concordpharma-bd.com

ASIF
INFRASTRUCTURE
LIMITED

Construction, Export Import & Supply

Proprietor

MOHAMMED ABDUL HAI

Managing Director

01713003683

abdulhai004@gmail.com

Ridge Ahmed Square, 50/1, 11th Floor
Inner Circular (VIP) Road, Naya Paltan
Dhaka-1000, Bangladesh

APSCL
Ashuganj Power Station Company Ltd.
আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)
(ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018)
সাশ্রয়ী বিদ্যুৎ উৎপাদনে আগামীর নির্ভরতা
চলমান ইউনিট সমূহ (মেগাওয়াট)
* ৫০ মে.ও. গ্যাস ইঞ্জিন - ৫৩.৬০
* ২২৫ মে.ও. সিসিপিপি - ২২৫
* ২০০ মে.ও. মডুলার - ১৯৫
* ৪৫০ মে.ও. সিসিপিপি (সাউথ) - ৩৭৩.৩১
* ৪৫০ মে.ও. সিসিপিপি (নর্থ) - ৩৮০
* ৪০০ মে.ও. সিসিপিপি (ইস্ট) - ৪২০
চলমান প্রকল্প
* রায়পুরা ১২০ মেগাওয়াট গ্রিড-টাইড সোলার পাওয়ার প্ল্যান্ট প্রজেক্ট।
1647 MW
রেজিস্টার্ড অফিসঃ আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০২
কর্পোরেট অফিসঃ নাভানা রহিম আর্ডেন্ট (লেভেল-৮), ১৮৫, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা-১০০০
02-226667033-4,
apscl@apscl.org.bd,
www.apscl.gov.bd

সম্মানিত পৌরবাসীর প্রতি সবিনয় অনুরোধ

০১। সময়মত পৌরকর পরিশোধ/ট্রেড লাইসেন্স সহ যাবতীয় লাইসেন্স নবায়ন করে পৌর উন্নয়নে সহায়তা করুন।

০২। আপনার শিশুকে সময়মত ইপিআই টিকা দিয়ে ৬টি মারাত্মক রোগের হাত থেকে রক্ষা করুন।

০৩। আপনার সন্তানের/আত্মীয় স্বজনের জন্ম-মৃত্যুর সঠিক তথ্য যথা সময়ে পৌরসভা কার্যালয়ে রেজিষ্টারে তালিকাভূক্ত করুন।

০৪। পৌর কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণক্রমে পৌর এলাকায় দালান-গৃহাদি নির্মাণ করুন।

০৫। আপনার শহর, বাড়ী-ঘর, গৃহ-অভ্যন্তর, দোকান-পাট ও উহার আশপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখুন।

০৬। বাড়ীর ছাদ, ফুলের টব, পরিত্যক্ত গাড়ীর টায়ার, পলিথিন ব্যাগ, ভাঙ্গা বাসনপত্র এবং কাঁচের বোতল-শিশি, ডাবের খোসা, ইত্যাদিতে যাতে পানি জমে মশার বংশ বিস্তার করতে না পারে, সেই দিকে বিশেষ ভাবে লক্ষ্য রাখুন এবং ডেঙ্গু ও অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধ করুন।

০৭। ফুটপাথ, ড্রেন, স্থাপনা, রাস্তা জবরদখল করে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি করবেন না।

০৮। বেশী করে ফলদ, ভেষজ, ঔষধি ও কাঠ গাছ লাগান, পরিবেশের ভারসাম্য বজায় রাখুন।

০৯। নিরাপদ বিশুদ্ধ পানি পান করুন, স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করুন।

১০। আবর্জনা, বর্জ্য পদার্থ ড্রেনে কিংবা যেখানে সেখানে না ফেলে নির্দিষ্ট ডাষ্টবিনে ফেলুন।

১১। আপনার ০৬ (ছয়) বছর বয়সী ছেলে-মেয়েকে স্কুলে পাঠান। মনে রাখতে হবে একটি শিক্ষিত মা মানে একটি শিক্ষিত জাতি।

১২। সামাজিক অবক্ষয় ও গুজব রোধ, সন্ত্রাশ ও নাশকতা প্রতিরোধ করুন।

১৩। সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখুন ও প্রতিবেশীর অধিকার রক্ষা করুন।

১৪। সকলের প্রতি সদয় হউন ও সর্বদা সুন্দর আচরণ করুন।

১৫। কটুবাক্য ও অশ্লীল আচরণ পরিহার করুন।

১৬। অপ্রয়োজনে গাড়ির হর্ণ বাজাবেন না। শব্দ দূষণ রোধ করুণ।

১৭। মাদককে না বলুন, এবং মাদক সেবীকে ঘৃনা করুন, প্রতিরোধ করুন।

১৮। রোগ প্রতিরোধ ও ভাইরাস মোকাবিলায় স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলুন।

মিজানুর রহমান
প্রশাসক
চাটখিল পৌরসভা, নোয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

১৫৪ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স-এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের পক্ষ হতে একটি **স্যুভেনির** প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই। বান্দরবান পার্বত্য জেলা পরিষদের পক্ষ হতে উক্ত প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই-

আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন

একটি সুখী, সমৃদ্ধ, ক্ষুধা ও দারিদ্রমুক্ত স্বপ্নীল ও ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার এবং সন্ত্রাসমুক্ত পরিবেশ প্রতিষ্ঠার প্রত্যয় নিয়ে বান্দরবান পার্বত্য জেলা পরিষদ নিজস্ব উন্নয়ন কর্মসূচি এবং ২৮টি ন্যস্ত বিভাগের বিভাগীয় কার্যক্রমের সমন্বয় সাধনসহ নিম্নবর্ণিত কার্যাদি গ্রহণ ও বাস্তবায়ন করছে :

১)শিক্ষা
২) স্বাস্থ্য সেবা
৩) কৃষি
৪) মৎস্য ও প্রাণি সম্পদ
৫) ক্ষুদ্র ও কুটির শিল্প
৬) যোগাযোগ
৭) পানীয় জল ও স্যানিটেশন
৮) সমবায় ও সমাজ সেবা কার্যক্রম
৯) ক্রীড়া ও সংস্কৃতি কর্মকান্ড
১০) স্থানীয় পর্যটন
১১) আইসিটি সেক্টর উন্নয়ন এবং
১২) মানব সম্পদ উন্নয়ন ইত্যাদি।

একটি উন্নত, সমৃদ্ধ, আধুনিক ও সম্প্রীতির মডেল জেলা হিসেবে বান্দরবানকে গড়ে তোলাই হলো আমাদের দৃঢ় অঙ্গীকার-

(অধ্যাপক থানজামা লুসাই)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ